## মঞ্জুরি নং-২৮

# ১৩১ - শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| পরিচালন ব্যয় | ১৯৮,৮২,০০ | ২১৮,৭০,০০ | ২৪০,৫৭,০০ |
| উন্নয়ন ব্যয় | ১৫৮,০০,০০ | ১৭৩,৮০,০০ | ১৯১,১৮,০০ |
| **মোট** | **৩৫৬,৮২,০০** | **৩৯২,৫০,০০** | **৪৩১,৭৫,০০** |
| | | | |
| আবর্তক | ৩০৫,৪২,৬৫ | ৩২৪,৯৭,২৮ | ৪১৭,৯১,৪৩ |
| মূলধন | ৫১,১৪,৩৫ | ৬৭,২৭,৭২ | ১৩,৪১,০৭ |
| আর্থিক সম্পদ | ২৫,০০ | ২৫,০০ | ৪২,৫০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৩৫৬,৮২,০০** | **৩৯২,৫০,০০** | **৪৩১,৭৫,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

শিল্প-প্রতিষ্ঠানে নিরাপদ কর্মপরিবেশ সৃজন, শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক বজায় রাখা, শিশুশ্রম নিরসন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. শ্রমিকদের শিক্ষা, কল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা বিধান;

১.২.২. শ্রম প্রশাসন সম্পর্কিত প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত জনশক্তি তৈরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

১.২.৩. ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শিল্প ও শ্রম বিরোধ নিষ্পত্তি, ন্যূনতম মজুরি নির্ধারণ ও বাস্তবায়ন এবং শিল্প কারখানা নিবন্ধন কার্যক্রম;

১.২.৪. শ্রম আইন প্রণয়ন, প্রয়োগ এবং শিশুশ্রম নিরসন;

১.২.৫. শ্রম ও জনশক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে আইএলও-সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে সমন্বয় ও চুক্তি সম্পাদন;

১.২.৬. দেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে মানব সম্পদের দক্ষতা উন্নয়ন ও কর্মমুখি প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় এবং

১.২.৭. কারখানা ও প্রতিষ্ঠানে কমপ্লায়েন্স নিশ্চিতকরণ।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | য়নকারী অধিদপ্তর/সংস্থাবাস্তবা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. শ্রমিকদের কল্যাণ জোরদারকরণ | • শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল ও কেন্দ্রীয় তহবিল থেকে অনুদান প্রদান। | • সচিবালয় |
| | • শ্রমিকদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান<br>• শ্রমিকদের চিত্তবিনোদন সেবা প্রদান | • শ্রম অধিদপ্তর |
| | • কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম পরিচালনা এবং মামলা রুজুকরণ | • কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | য়নকারী অধিদপ্তর/সংস্থাবাস্তবা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • শ্রম বিরোধ মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | • শ্রম আদালত |
| | • বেসরকারি শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীদের ন্যূনতম মজুরি নির্ধারণ করা | • নিম্নতম মজুরী বোর্ড |
| ২. কারখানা ও প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়ন | • ট্রেড ইউনিয়ন নিবন্ধন<br>• সিবিএ নির্বাচন পরিচালনা করা<br>• সালিশী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তিকরণ<br>• অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা করা<br>• শ্রমিক ও মালিক প্রতিনিধিদের শ্রম আইন, শিল্প সম্পর্ক ও শ্রম প্রশাসন সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা | • শ্রম অধিদপ্তর |
| ৩. শ্রম সম্পর্কিত কমপ্লায়েন্স উন্নয়ন | • বেসরকারি সেক্টরে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ সাধন<br>• কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও রেজিস্ট্রেশন নবায়ন<br>• তৈরি পোষাক (আরএমজি) সেক্টরে কমপ্লায়েন্স নিশ্চিতকরণ | • কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| ৪. শিশুশ্রম নিরসন | • শ্রমে নিয়োজিত শিশুদের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং বৃত্তি প্রদান | • সচিবালয় |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ শ্রমিকদের কল্যাণ জোরদারকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** শ্রমিকদের স্বাস্থ্য, পুষ্টি ও জীবনযাত্রার সকল সূচকের মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন শিল্প সেক্টরের ন্যূনতম মজুরি নির্ধারণ করা হচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নারী পুরুষের সমতার পরিবীক্ষণ ও মূল্যায়ন সহজ করার লক্ষ্যে নারী ও পুরুষ শ্রমিকদের ন্যূনতম মজুরি 'সমমজুরি' নির্ধারণ করা হচ্ছে।

#### ৩.১.২ কারখানা ও প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** শ্রমিকদের সামাজিক ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে সিবিএ এবং অংশগ্রহণকারী কমিটিতে শ্রমিকদের প্রতিনিধি নির্বাচন করা হয়।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** কলকারখানায় নারীদের কর্মপরিবেশের উন্নতিকল্পে শ্রমিক-কর্মচারী, মালিক এবং শ্রম প্রশাসনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। ফলশ্রুতিতে সংশ্লিষ্ট দৃষ্টিভঙ্গি পরিবর্তনের প্রভাবে নারীদের সামাজিক নিরাপত্তা এবং শ্রম বাজারে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে।

#### ৩.১.৩ শ্রম সম্পর্কিত কমপ্লায়েন্স উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** শ্রম সম্পর্কিত কমপ্লায়েন্সসমূহের উন্নয়ন বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উন্নততর করার ক্ষেত্রে রপ্তানী কার্যাদেশের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। কার্যাদেশ বৃদ্ধির ফলশ্রুতিতে বিদ্যমান কলকারখানার পরিমাণ বৃদ্ধিসহ নতুন কলকারখানা সৃষ্টি হচ্ছে। যেখানে প্রচুর কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** আর্থিক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি এবং নারী শ্রমিকদের কাজ সহজ করার নিয়ামক হিসেবে নারীদের মাতৃত্বকালীন ছুটি এবং শিশুকক্ষ স্থাপন বিরাট ভূমিকা পালন করছে।

### ৩.১.৪ শিশুশ্রম নিরসন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** দরিদ্র শিশুদের দারিদ্র বিমোচন ও ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত শিশুদের শিশুশ্রম নিরোধের লক্ষ্যে শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষাদান ও কারিগরি প্রশিক্ষণের পাশাপাশি উপবৃত্তির মাধ্যমে প্রণোদনা প্রদান করা হচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নারী উন্নয়নের উপর প্রত্যক্ষ প্রভাব নেই।

### ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| দারিদ্র্য নিরসন | ২৫৯,৮৭,৫০ | ২৯০,৪৯,০০ | ৪১৩,৬৪,৫০ |
| নারী উন্নয়ন | ১৫৫,৬৮,৮১ | ১৭১,৫২,৫০ | ১৮৩,৬০,৪৬ |

## ৪.১ অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার খাতকর্মসূচিসমূহ/ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. শ্রমিকের কল্যাণ সাধন:**<br>শ্রম উৎপাদনের অন্যতম মৌলিক উপাদান। শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা না গেলে শ্রমিকদের কর্মদক্ষতা এবং উৎপাদনশীলতা হ্রাস পায়। শিল্প উৎপাদন বৃদ্ধি তথা জাতীয় উৎপাদন বৃদ্ধিতে শ্রমিকগণ অবদান রাখেন বিধায় এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে। | • শ্রমিকদের কল্যাণ জোরদারকরণ<br>• কারখানা ও প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়ন |
| **২. শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণ:**<br>কল-কারখানার দূর্ঘটনা রোধসহ শ্রম সম্পর্কিত কমপ্লায়েন্স উন্নয়ন করা হলে শ্রমিকদের কর্মদক্ষতা বৃদ্ধি পায় এবং প্রতিষ্ঠানের মোট উৎপাদনশীলতাও বৃদ্ধি পায়। জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধির স্বার্থে এই খাতকে দ্বিতীয় সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে। | • শ্রম সম্পর্কিত কমপ্লায়েন্স উন্নয়ন |
| **৩. শিশু শ্রম নিরসন:**<br>এসডিজি'র অন্যতম লক্ষ্য হচ্ছে ২০২৫ সালের মধ্যে সকল ধরণের শিশুশ্রম নিরসন করা। এ লক্ষে শিশুদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য ঝুকিপূর্ণ এমন সেক্টরসমূহ চিহ্নিত করে এসব শ্রমে নিযুক্ত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা এবং কারিগরি শিক্ষা/প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শিশুশ্রম নিরসনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিশুদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার জন্য এ খাতকে তৃতীয় সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • শিশুশ্রম নিরসন |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২২-২৩ হতে ২০২৪-২৫)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২২-২৩ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| সচিবালয় | ১১৫,১৬,০০ | ১১২,০৪,৪০ | ১৩৯,৪২,০০ | ১৪০,৪১,২০ | ২২১,৩২,২০ |
| প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর | ৭৩,৬৪,২৫ | ৫৩,৪৬,৮৬ | ৫৯,১৩,৯৫ | ৬৮,৮৯,৩০ | ৭০,২৪,০১ |
| বিভাগীয় শ্রম দপ্তরসমূহ | ৮,১৯,৩০ | ৮,৩১,৩০ | ৯,৫২,৯০ | ১০,৭৫,৫০ | ১২,১৪,৪০ |
| আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ | ৪,৯৭,১০ | ৫,০০,৩৫ | ৫,৬৫,৫০ | ৬,৫৮,৭০ | ৭,১৪,৪৫ |
| শিল্প সম্পর্ক শিক্ষায়তনসমূহ (আইআরআই) | ৮,৪১,৮৫ | ৮,৯৪,৯০ | ১০,১১,৪৭ | ১১,৩৫,১৫ | ১১,৯৩,৮০ |
| শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ | ১৫,৫৭,৫০ | ১৬,৫২,০২ | ১৮,০৭,১৮ | ২০,৪২,২০ | ২২,১৫,৫১ |
| কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | ৯০,৮৩,০০ | ১০৮,৯১,১২ | ৫৬,১৯,৩০ | ৭৪,৪০,০০ | ১৫,৫১,৫০ |
| উপ মহাপরিদর্শকের কার্যালয়সমূহ | ৩১,৪৬,০০ | ৩১,৬৭,৫০ | ৩৯,৭১,৭০ | ৪০,১২,৪০ | ৪৩,১৪,৩০ |
| নিম্নতম মজুরী বোর্ড | ২,০৩,০০ | ১,৯৮,৬৩ | ১,৯২,০০ | ১,৭৫,১৫ | ২,৫৮,০৫ |
| শ্রম আপিল আদালতসমূহ | ২,৭৬,৪০ | ২,৬০,৯০ | ৩,৩৪,০০ | ৩,৪২,৯০ | ৩,৭০,৫০ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২২-২৩ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| শ্রম আদালতসমূহ | ১২,২৩,৬০ | ১০,৬৪,৪৫ | ১৩,৭২,০০ | ১৪,৩৭,৫০ | ২১,৮৬,২৮ |
| **সর্বমোট :** | **৩৬৫,২৮,০০** | **৩৬০,১২,৪৩** | **৩৫৬,৮২,০০** | **৩৯২,৫০,০০** | **৪৩১,৭৫,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২২-২৩ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১১৬,০৬,৫৫ | ১১২,৪১,৩৫ | ১০৮,৮০,৪০ | ৯৫,২৭,৯৮ | ১০৪,৮৯,৭৩ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ২৯,৫২,৩৯ | ২৩,২৩,০৩ | ২১,০৮,৮৫ | ১৯,৬০,০০ | ১৮,৫৬,২০ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ২৩,৫০ | ২৩,৮০ | ৯৬,২০ | ১৯,৭০ | ১৬,৭০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৫,৩১,৬০ | ৯,৮৮,৪২ | ১০,০৫,৯৩ | ১০,৭৮,২০ | ৭,১১,৫০ |
| ৩২৪৩ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৩,৫১,৩৫ | ৩,২৩,৬৫ | ৩,৮২,৯০ | ৪,০৭,২৭ | ৪,১৩,৫০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৬,৬৬,২০ | ৩,৪৫,৮১ | ৭,৬২,৪৮ | ৭,৭৫,২১ | ৮,১২,৫০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ২২,৯০ | ৩৮,০৮ | ৩৪,৯৭ | ৪৮,৫০ | ৪৯,৫০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ১০,০০ | ৯,৬৪ | ৩,৫০,১৮ | ০ | ০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৫,৩৬,৪১ | ৬,৪১,৫৮ | ৫,৯০,৯৭ | ৬,৬৫,৪৩ | ১২,৮৭,৮০ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৪৩,৯০ | ৪৫,৭৫ | ৪০,৯০ | ৪১,৩৩ | ৪৬,০৫ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৩৪,৩৮,২০ | ২৫,৬৬,২৮ | ৬,৪৫,৩৭ | ৮,০০,০০ | ৮,৮৮,০০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৭,৪৭,৮৫ | ৬,৪২,০৬ | ৭,৭২,৩৫ | ৮,৫৪,৪৬ | ৯,৬১,৭৫ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৪৫,০০,০০ | ১০,০০,০০ | ৪৫,০০,০০ | ৫০,০০,০০ | ৫০,০০,০০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ০ | ২৭,৪০,০০ | ৪৫,৪৫,০০ | ৩০,০০,০০ | ০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ১০,৪৫,০০ | ১১,৫৪,৫২ | ৩১,১৭,৬৫ | ১৯,২১,৬০ | ১,২৫,১০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৫,২২,৪০ | ১২,৪০ | ৭,০৮,৫০ | ৬৩,৯৭,৬০ | ১৯১,৩৩,১০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **২৬৯,৯৮,২৫** | **২৪০,৯৬,৩৭** | **৩০৫,৪২,৬৫** | **৩২৪,৯৭,২৮** | **৪১৭,৯১,৪৩** |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৪৬,৭৬,০০ | ৭৩,৫৪,৭৩ | ২১,২৫,০০ | ৪৩,৪৬,৬০ | ০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১৭,৪১,১৫ | ৩৪,৮৫,৮৩ | ১৬,১০,৮৫ | ১৮,৩৫,৬২ | ১৩,২৩,০৭ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ১৮,০২,৬০ | ৫০,৫০ | ৯৬,৫০ | ৪৫,৫০ | ১৮,০০ |
| ৪১৪১ | ভূমি | ১২,৮৫,০০ | ১০,০০,০০ | ১২,৭২,০০ | ৫,০০,০০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ০ | ০ | ১০,০০ | ০ | ০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৯৫,০৪,৭৫** | **১১৮,৯১,০৬** | **৫১,১৪,৩৫** | **৬৭,২৭,৭২** | **১৩,৪১,০৭** |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ২৫,০০ | ২৫,০০ | ২৫,০০ | ২৫,০০ | ৪২,৫০ |
| | **মোট : - সম্পদ** | **২৫,০০** | **২৫,০০** | **২৫,০০** | **২৫,০০** | **৪২,৫০** |
| | **সর্বমোট :** | **৩৬৫,২৮,০০** | **৩৬০,১২,৪৩** | **৩৫৬,৮২,০০** | **৩৯২,৫০,০০** | **৪৩১,৭৫,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. কমপ্লাইয়েন্স নিশ্চিতকৃত | ৩ | সংখ্যা | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | ৯২২ | ১৫০০ | ১৫৫০ | ১৫৫০ |

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কারখানা | | | | | | | | | |
| ২. ন্যূনতম মজুরি নির্ধারণকৃত শিল্প সেক্টর * | ১ | % | ৭.১৪ | ৭.১৪ | ৭.১৪ | ৭.১৪ | ৯.৫২ | ১১.৯০ | ১১.৯০ |
| ৩. নিষ্পত্তিকৃত শ্রম বিরোধ ** | ২ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৪. শিশু শ্রম নিরসনকৃত শিল্প সেক্টর | ৪ | % | ৭.১৪ | ৭.১৪ | ৪.৭৬ | ৪.৭৬ | ৪.৭৬ | ৪.৭৬ | ৪.৭৬ |

* মোট শিল্প সেক্টর ৪২টি। প্রতি ৫ বছর পর পর প্রতিটি শিল্প সেক্টরের ন্যূনতম মজুরি পুনঃনির্ধারণ করা হয়।

** শ্রম বিরোধ প্রাপ্ত আবেদনের ভিত্তিতে বিরোধ নিষ্পত্তি করা হয়।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮) ও পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) আইন, ২০১৮ প্রণয়ন করা হয়েছে। রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকাশিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়নে 'রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকাশিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০' প্রণয়ন করা হয়েছে। শ্রমিকদের জন্য টেকসই কর্মপরিবেশ নিশ্চিত ও ইতিবাচক ভাবমূর্তি তৈরিতে 'গ্রীন ফ্যাক্টরি আওয়ার্ড নীতিমালা' প্রণয়ন করা হয়েছে। এই নীতিমালার আলোকে ০৬ (ছয়)টি শিল্প সেক্টরের ৩০টি কলকারখানাকে গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড, ২০২০ প্রদান করা হয়েছে। সিলেট, বরিশাল ও রংপুরে ০৩ (তিন)টি নতুন শ্রম আদালত গঠন করা হয়েছে। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল থেকে ৩,৩১৯ জন মৃত শ্রমিকের পরিবারবর্গকে আর্থিক সহায়তা বাবদ ৬১,৩৭,৫৫,০০০/- (একষট্টি কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা এবং ১২,৬৪৯ জন অসুস্থ শ্রমিককে চিকিৎসা সহায়তা এবং তাদের মেধাবী সন্তানকে শিক্ষাবৃত্তি বাবদ সর্বমোট ৪২,৫৬,৪০,০০০/- (বিয়াল্লিশ কোটি ছাপ্পান্ন লক্ষ চল্লিশ হাজার) টাকা টাকা প্রদান করা হয়েছে। নারায়ণগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে নির্মিত মহিলা শ্রমজীবী হোস্টেলে মহিলা শ্রমিকদের জন্য স্বল্প ব্যয়ে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসন ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে পৃথক কর্মসংস্থান অধিদপ্তর গঠনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল ও কেন্দ্রীয় তহবিল থেকে অনুদান প্রদান | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | ১ | সংখ্যা | ৪০০০ | ৬৯৭৭ | ৫০০০ | ৫০০০ | ৫৫০০ | ৬০০০ | ৬৫০০ |
| ২. শ্রমে নিয়োজিত শিশুদের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং বৃত্তি প্রদান | শিক্ষার্থী | ৪ | সংখ্যা (হাজার) | - | - | ৮০ | ৭০ | ৩০ | - | - |
| | প্রশিক্ষণার্থী | | সংখ্যা (হাজার) | - | - | ৮০ | ২০ | ৮০ | - | - |
| | বৃত্তিপ্রাপ্ত প্রশিক্ষণার্থী | | সংখ্যা (হাজার) | - | - | ৮০ | ২০ | ৬০ | ২০ | - |

* মোট কর্মক্ষম শ্রমশক্তির সংখ্যা ৭৭.০০ মিলিয়ন, ** দেশে ঝুঁকিপূর্ণ শিশু শ্রমিকরে সংখ্যা ১.২ মিলিয়ন

### ৬.১.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০১০১ - সচিবালয় | | ১৪,১০,৪২ | ২২,২৮,০০ | ১৮,৮১,৪০ | ২৪,২৭,০০ | ২৫,৯৫,২০ | ২৯,২৮,৭০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১৪,১০,৪২** | **২২,২৮,০০** | **১৮,৮১,৪০** | **২৪,২৭,০০** | **২৫,৯৫,২০** | **২৯,২৮,৭০** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | | ৫,০৭ | ২৫,০০ | ২৫,০০ | ২৫,০০ | ২৫,০০ | ৪২,৫০ |
| ১২৭০০৮৯০১ - আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) | | ০ | ৪০,০০ | ৪০,০০ | ৪০,০০ | ৪১,০০ | ৪৩,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **৫,০৭** | **৬৫,০০** | **৬৫,০০** | **৬৫,০০** | **৬৬,০০** | **৮৫,৫০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৪,১৫,৪৯** | **২২,৯৩,০০** | **১৯,৪৬,৪০** | **২৪,৯২,০০** | **২৬,৬১,২০** | **৩০,১৪,২০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২১০০০১৩১ - শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-২ | ০ | ৫,০০,০০ | ০ | ৬,৫০,০০ | ৬৩,৮০,০০ | ১৯১,১৮,০০ |
| ২২৩০০৪৫০০ - *প্রোমোটিং সোসিয়াল ডায়ালগ এন্ড হারমোনিয়াস ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস ইন বাংলাদেশ রেডি-মেইড গার্মেন্ট ইন্ডাস্ট্রি (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২১) অনুমোদিত | ১,২ | ৯,৮১,০১ | ১৯,০০,০০ | ১৪,৩৫,০০ | ০ | ০ | ০ |
| ২২৩০৩৬৭০০ - তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) (০১/০৭/২০১৭-৩০/০৬/২০২৩) অনুমোদিত। | | ৮১,৫৩,৮৪ | ৩৮,২৩,০০ | ৩৮,২৩,০০ | ২৮,০০,০০ | ০ | ০ |
| ২২৪২৫৩০০০ - বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশু শ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প (০১/০১/২০১৮ - ৩১/১২/২০২৩) অনুমোদিত | | ৩৭,৮৮ | ৩০,০০,০০ | ৪০,০০,০০ | ৮০,০০,০০ | ৫০,০০,০০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৯১,৭২,৭৩** | **৯২,২৩,০০** | **৯২,৫৮,০০** | **১১৪,৫০,০০** | **১১৩,৮০,০০** | **১৯১,১৮,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৯১,৭২,৭৩** | **৯২,২৩,০০** | **৯২,৫৮,০০** | **১১৪,৫০,০০** | **১১৩,৮০,০০** | **১৯১,১৮,০০** |
| **মোট :** | | **১০৫,৮৮,২২** | **১১৫,১৬,০০** | **১১২,০৪,৪০** | **১৩৯,৪২,০০** | **১৪০,৪১,২০** | **২২১,৩২,২০** |

## ৬.২ শ্রম অধিদপ্তর

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** ট্রেড ইউনিয়ন কার্যক্রমের আওতায় বিগত তিন বছরে ১০৩০টি ট্রেড ইউনিয়নের রেজিস্ট্রেশন প্রদান এবং নির্বাচনের মাধ্যমে ২৫টি প্রতিষ্ঠানে সিবিএ কার্যক্রম চালু করা হয়েছে। ১৪৮০টি অংশগ্রহণকারী কমিটির নির্বাচন এবং সালিশী কার্যক্রমের মাধ্যমে ৮৯টি শিল্প বিরোধ নিষ্পত্তি করা হয়েছে। ৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন এবং ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনায় মোট ৩২২০৬ জন শ্রমিকসহ ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, ব্যবস্থাপনা কর্মকর্তা, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের শিল্প সম্পর্ক বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে শ্রম প্রশাসন, শ্রম ব্যবস্থাপনা, শ্রম আইন, শ্রমমান, শ্রম কল্যাণ, মানবীয় সম্পর্ক, সামাজিক নিরাপত্তা এবং শ্রম স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পারিবারিক বাজেট প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে বিনামূল্যে ২,৪৩,৩৪১ জনকে স্বাস্থ্য সেবা, ১,১২,৩১৪ জনকে পরিবার পরিকল্পনা পরামর্শ ও সেবা এবং ৩,৩৫,১৭২ জনকে চিত্ত বিনোদন সুবিধা প্রদান করা হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ট্রেড ইউনিয়ন নিবন্ধন | আবেদন নিষ্পত্তিকৃত | ২ | % | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | ৩২৮টি ১০০% নিষ্পত্তি | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে |
| ২. সিবিএ নির্বাচন পরিচালনা করা | সিবিএ নির্বাচন পরিচালিত | ২ | % | প্রাপ্ত আবেদনের | ১৫টি ১০০% | প্রাপ্ত আবেদনের | প্রাপ্ত আবেদনের | প্রাপ্ত আবেদনের | প্রাপ্ত আবেদনের | প্রাপ্ত আবেদনের |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | ১০০% নিষ্পত্তি করা হবে | নিষ্পত্তি | ১০০% নিষ্পত্তি করা হবে | ১০০% নিষ্পত্তি করা হবে | ১০০% নিষ্পত্তি করা হবে | ১০০% নিষ্পত্তি করা হবে | ১০০% নিষ্পত্তি করা হবে |
| ৩. শ্রমিকদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান | প্রদানকৃত স্বাস্থ্য সেবা | ১ | সংখ্যা | ৪৫০০০ | ৯৭২৭২ | ৬০০০০ | ৭৫০০০ | ৭৭০০০ | ৮০০০০ | ৮৫০০০ |
| | প্রদানকৃত পরিবার পরিকল্পনার সেবা | | | ২৮০০০ | ৪৬১৬৪ | ৩৩০০০ | ৩২০০০ | ৩৪০০০ | ৩৬০০০ | ৪০০০০ |
| ৪. শালিসী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত বিরোধ | ২ | % | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | ১৩টি | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে | প্রাপ্ত আবেদনের ১০০% নিষ্পত্তি করা হবে |
| ৫. অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা করা | অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালিত | ২ | সংখ্যা | ৩৫০ | ৫৩৮টি | ৪৫০ | ৪৫০ | ৫০০ | ৫০০ | ৫৫০ |
| ৬. শ্রমিকদের জন্য চিত্ত বিনোদন সেবা প্রদান | চিত্ত বিনোদন সেবা প্রদানকৃত | ১ | সংখ্যা | ৯৫০০০ | ১১০৫৮১ | ১১০০০০ | ১২৫০০০ | ১৩০০০০ | ১৩৫০০০ | ১৪৫০০০ |
| ৭. শ্রমিক ও মালিক প্রতিনিধিদের শ্রম আইন, শিল্প সম্পর্ক ও শ্রম প্রশাসন সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা | প্রশিক্ষণ প্রদানকৃত শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারী | ২ | সংখ্যা | ১২৫০০ | ১০৬০৫ | ১০৮০০ | ১২০০০ | ১৪০০০ | ১৫০০০ | ১৬০০০ |

## ৬.২.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০২০১ - প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর | | ৬,৪৮,৯৭ | ১২,৪৯,২৫ | ১১,২৩,৮৬ | ১৪,১৩,৯৫ | ১৮,৮৯,৩০ | ২০,২৪,০১ |
| ১৩১০২০২ - বিভাগীয় শ্রম দপ্তরসমুহ | | ৬,০৫,৮৭ | ৮,১৯,৩০ | ৮,৩১,৩০ | ৯,৫২,৯০ | ১০,৭৫,৫০ | ১২,১৪,৪০ |
| ১৩১০২০৩ - আঞ্চলিক শ্রম দপ্তরসমুহ | | ৩,৫৩,০৯ | ৪,৯৭,১০ | ৫,০০,৩৫ | ৫,৬৫,৫০ | ৬,৫৮,৭০ | ৭,১৪,৪৫ |
| ১৩১০২০৪ - শিল্প সম্পর্ক শিক্ষায়তনসমূহ (আইআরআই) | | ৫,৫৩,০৯ | ৮,৪১,৮৫ | ৮,৯৪,৯০ | ১০,১১,৪৭ | ১১,৩৫,১৫ | ১১,৯৩,৮০ |
| ১৩১০২০৫ - শ্রম কল্যাণ কেন্দ্রসমুহ | | ১১,০৫,৩১ | ১৫,৫৭,৫০ | ১৬,৫২,০২ | ১৮,০৭,১৮ | ২০,৪২,২০ | ২২,১৫,৫১ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৩২,৬৬,৩৩** | **৪৯,৬৫,০০** | **৫০,০২,৪৩** | **৫৭,৫১,০০** | **৬৮,০০,৮৫** | **৭৩,৬২,১৭** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০১২৫০৭ - রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের দুঃস্থ শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা কার্যক্রম | | ০ | ৪৫,০০,০০ | ১০,০০,০০ | ৪৫,০০,০০ | ৫০,০০,০০ | ৫০,০০,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **০** | **৪৫,০০,০০** | **১০,০০,০০** | **৪৫,০০,০০** | **৫০,০০,০০** | **৫০,০০,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৩২,৬৬,৩৩** | **৯৪,৬৫,০০** | **৬০,০২,৪৩** | **১০২,৫১,০০** | **১১৮,০০,৮৫** | **১২৩,৬২,১৭** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪১১৩৭০০ - *দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে রাঙ্গামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৪/২০১৭ - ৩১/১২/২০২১) অনুমোদিত | ১-৪ | ২৩,২০,৫১ | ১২,০০,০০ | ১১,৬৭,০০ | ০ | ০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪২০০৩০০ - *নারায়ণগঞ্জ বন্দরে এবং চট্টগ্রামে কালুরঘাটে মহিলা শ্রমজীবি হোস্টেলে এবং ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মাণ (১ম সংশোধিত) (০১/০৪/২০১৮ - ৩১/১২/২০২১) অনুমোদিত | | ৪৮,৭২,৪৩ | ৪,১৫,০০ | ২০,৫৬,০০ | ০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৭১,৯২,৯৪** | **১৬,১৫,০০** | **৩২,২৩,০০** | **০** | **০** | **০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৭১,৯২,৯৪** | **১৬,১৫,০০** | **৩২,২৩,০০** | **০** | **০** | **০** |
| **মোট :** | | **১০৪,৫৯,২৭** | **১১০,৮০,০০** | **৯২,২৫,৪৩** | **১০২,৫১,০০** | **১১৮,০০,৮৫** | **১২৩,৬২,১৭** |

## ৬.৩ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** বিগত ৩ অর্থবছরে ১,২৭,৭৮৮টি কারখানা পরিদর্শনের মাধ্যমে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অমান্যকারীদের বিরুদ্ধে ৪,৪৫৮টি মামলা দায়ের করা হয়েছে। এছাড়া ৩১,৭৭৪ টি কারখানা ও প্রতিষ্ঠানকে নতুন লাইসেন্স প্রদান ও ৮৩,৪৩৩ টি কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন করা হয়েছে। এসব কার্যক্রমের মাধ্যমে ১৬,৯৫,৮৮,০০০/- (ষোলো কোটি পচানব্বই লক্ষ আটাশি হাজার) টাকা রাজস্ব আদায় করা হয়েছে। এ অধিদপ্তরের আওতাধীন রিমিডিয়েশন কো-অর্ডিনেশন সেল (আরসিসি) এর মাধ্যমে ২,৫৯০টি স্ট্রাকচারাল ক্যাপের ৬৮%, ১৪,১০৫ টি ইলেট্রিক্যাল ক্যাপের ৪৮% এবং ১৩,৯৮১ টি ফায়ার সম্পর্কিত ক্যাপের ৪৭% বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। ৬৬৬ টি উৎপাদনরত কারখানার সার্বিকভাবে সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও ডিজাইন ড্রয়িং অনুমোদনসহ সংস্কারকাজে কারিগরী পরামর্শ প্রদানপূর্বক সংশ্লিষ্ট টাস্কফোর্স সভার মাধ্যমে ৫৬টি স্ট্রাকচারাল ডিজাইন, ১৩২টি ইলেকট্রিক্যাল ডিজাইন এবং ৯৫টি ফায়ার ডিজাইনের ড্রয়িং অনুমোদিত হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম পরিচালনা এবং মামলা রুজুকরণ | পরিদর্শনকৃত কারখানা | ১ | সংখ্যা | ৩৩০০০ | ৪৭৩৬১ | ৩৫০০০ | ২০৩৩৪ | ৩৪০০০ | ৩৪৫০০ | ৩৫০০০ |
| | রুজুকৃত মামলা | | | ১৩৫০ | ১৪২১ | ২৫০০ | ১৯০০ | ১৯০০ | ২০০০ | ২০৫০ |
| ২. বেসরকারি সেক্টরে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ সাধন | উদ্বুদ্ধকরণ সভা আয়োজন | ৩ | সংখ্যা | ৭৫০ | ৯৫৭ | ৭৭৫ | ৪৬৮ | ৮০০ | ৮৫০ | ৯০০ |
| ৩. কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও রেজিস্ট্রেশন নবায়ন | প্রদানকৃত লাইসেন্স | ৩ | সংখ্যা | ১০০০০ | ৯৯৯৯ | ১০০০০ | ৩৫০৮ | ১০৫০০ | ১১০০০ | ১১৫০০ |
| | নবায়নকৃত লাইসেন্স | | | ২৫০০০ | ৩৩৪০১ | ২২৫০০ | ২০৮৩৮ | ২৬৫০০ | ২৮০০০ | ২৮৫০০ |
| ৪. তৈরি পোষাক (আরএমজি) সেক্টরে কমপ্লায়েন্স নিশ্চিতকরণ | কমপ্লায়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠান | ৩ | সংখ্যা | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | ৯২২ | ১৫০০ | ১৫৫০ | ১৫৫০ |

### ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০৩০১ - কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | | ১০,৯০,০৪ | ১৩,৪৮,০০ | ১০,৩৬,২৫ | ১২,৬৯,৩০ | ১৪,৪০,০০ | ১৫,৫১,৫০ |
| ১৩১০৩০২ - উপ মহাপরিদর্শকের কার্যালয়সমূহ | | ২২,৯১,০৮ | ৩১,৪৬,০০ | ৩১,৬৭,৫০ | ৩৯,৭১,৭০ | ৪০,১২,৪০ | ৪৩,১৪,৩০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৩৩,৮১,১২** | **৪৪,৯৪,০০** | **৪২,০৩,৭৫** | **৫২,৪১,০০** | **৫৪,৫২,৪০** | **৫৮,৬৫,৮০** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০১৪০০১ - কলকারখানা বিশেষ পরিদর্শন | | ০ | ০ | ২,২৭,৮৭ | ০ | ০ | ০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **০** | **০** | **২,২৭,৮৭** | **০** | **০** | **০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৩৩,৮১,১২** | **৪৪,৯৪,০০** | **৪৪,৩১,৬২** | **৫২,৪১,০০** | **৫৪,৫২,৪০** | **৫৮,৬৫,৮০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪২৩৭৮০০ - *রিমিডিয়েশন কোঅরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাম্প বাস্তবায়ন (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩১/১২/২০২১) অনুমোদিত | | ৩,৬৯,৯৬ | ৪,১২,০০ | ১,৫৪,০০ | ০ | ০ | ০ |
| ২২৪২৫২৯০০ - জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন (১ম সংশোধিত) (০১/০৯/২০১৮ - ৩০/০৬/২০২২) অনুমোদিত | | ২২,০৫,৭৭ | ৩০,০০,০০ | ৫৩,৬৮,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩০৫৯০০ - নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ (০১/০৭/২০১৯ - ৩০/০৬/২০২২) অনুমোদিত | ১-২ | ০ | ১৬,৩৮,০০ | ১৪,২০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩০৬০০০ - কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত) (০১/০৭/২০১৯-৩১/১২/২০২২) অনুমোদিত | ১-২ | ০ | ২৬,৮৫,০০ | ২৬,৮৫,০০ | ৪৩,৫০,০০ | ৬০,০০,০০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **২৫,৭৫,৭৩** | **৭৭,৩৫,০০** | **৯৬,২৭,০০** | **৪৩,৫০,০০** | **৬০,০০,০০** | **০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **২৫,৭৫,৭৩** | **৭৭,৩৫,০০** | **৯৬,২৭,০০** | **৪৩,৫০,০০** | **৬০,০০,০০** | **০** |
| **মোট :** | | **৫৯,৫৬,৮৫** | **১২২,২৯,০০** | **১৪০,৫৮,৬২** | **৯৫,৯১,০০** | **১১৪,৫২,৪০** | **৫৮,৬৫,৮০** |

## ৬.৪ শ্রম আদালত

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** বিগত তিন অর্থবছরে শ্রম আপীল আদালত ও শ্রম আদালতসমূহে ২৩,৫৫৭টি মামলা বিচারের জন্য গ্রহণ করা হয় এবং ১৬০০২টি মামলা নিষ্পত্তি করা হয়।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শ্রম বিরোধ মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | মামলা নিষ্পত্তির হার | ১ | % | ৯০ | ৩৬ | ৯৪ | ৯০ | ৯২ | ৯২ | ৯৩ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০৫০১ - শ্রম আপিল আদালতসমূহ | | ১,৩৫,৪২ | ২,৭৬,৪০ | ২,৬০,৯০ | ৩,৩৪,০০ | ৩,৪২,৯০ | ৩,৭০,৫০ |
| ১৩১০৫০২ - শ্রম আদালতসমূহ | | ৫,৬৭,৭১ | ১২,২৩,৬০ | ১০,৬৪,৪৫ | ১৩,৭২,০০ | ১৪,৩৭,৫০ | ২১,৮৬,২৮ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৭,০৩,১৩** | **১৫,০০,০০** | **১৩,২৫,৩৫** | **১৭,০৬,০০** | **১৭,৮০,৪০** | **২৫,৫৬,৭৮** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৭,০৩,১৩** | **১৫,০০,০০** | **১৩,২৫,৩৫** | **১৭,০৬,০০** | **১৭,৮০,৪০** | **২৫,৫৬,৭৮** |
| **মোট :** | | **৭,০৩,১৩** | **১৫,০০,০০** | **১৩,২৫,৩৫** | **১৭,০৬,০০** | **১৭,৮০,৪০** | **২৫,৫৬,৭৮** |

## ৬.৫ নিম্নতম মজুরী বোর্ড

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক ৪৩ টি শিল্প সেক্টরের মধ্যে ৪২ টি শিল্প সেক্টরে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়েছে । নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক বিগত তিন অর্থ বছরে ১৭টি ব্যক্তিমালিকানাধীন/বেসরকারী শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের সুপারিশ সরকারের নিকট উপস্থাপনের জন্য বোর্ডে প্রেরণ করেছে। ইতঃমধ্যে ১১ টি শিল্পের নিম্নতম মজুরি হারের সুপারিশ সরকারের নিকট পেশ করা হয়েছে এবং নতুন ০৭ টি শিল্প সেক্টর চিহ্নিতকরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বেসরকারি শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীদের ন্যূনতম মজুরি নির্ধারণ করা | নিম্নতম মজুরী নির্ধারণকৃত | ১ | সংখ্যা | ০৩ | ০৩ | ০৪ | ০৪ | ০৫ | ০৫ | ০৩ |

### ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০৪০১ - নিম্নতম মজুরী বোর্ড | | ১,০২,৮৪ | ২,০৩,০০ | ১,৯৮,৬৩ | ১,৯২,০০ | ১,৭৫,১৫ | ২,৫৮,০৫ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১,০২,৮৪** | **২,০৩,০০** | **১,৯৮,৬৩** | **১,৯২,০০** | **১,৭৫,১৫** | **২,৫৮,০৫** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১,০২,৮৪** | **২,০৩,০০** | **১,৯৮,৬৩** | **১,৯২,০০** | **১,৭৫,১৫** | **২,৫৮,০৫** |
| **মোট :** | | **১,০২,৮৪** | **২,০৩,০০** | **১,৯৮,৬৩** | **১,৯২,০০** | **১,৭৫,১৫** | **২,৫৮,০৫** |